



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১০৪/১৭৮৮/৩

তারিখঃ ২৭/০৮/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ হাসানুর রহমান এর পদ বাতিলকরণ প্রসঙ্গে।


সূত্র : ১) স্মারক নং- ০৫.৫৫.৩২৩০.০০১.২৭.০১০.১৬-৮৬৪; তারিখঃ ০৯/০৮/২০১৬খ্রিঃ
২) নং-বামাশিবো/গাইবান্ধা-১০৪/১৭৮৮/৩; তারিখঃ ১১/০৪/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী বালিকা দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটির সভাপতি পরিবর্তনের জন্য একখানা আবেদন বোর্ডে দাখিল করেন। আবেদনপত্রের সঙ্গে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ হাসানুর রহমান এর বিরুদ্ধে আর্থিক অনিয়ম, অব্যবস্থাপনা, অসদাচরণ, অদক্ষতা ও স্বেচ্ছাচারিতার বিষয়ে কমিটির অপর ০৯(নয়) জন সদস্যের একখানা অভিযোগ সংযুক্ত রয়েছে। এছাড়া উল্লিখিত ০৯(নয়) জন সদস্য কর্তৃক ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান করে সভাপতি পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ পূর্বক রেজুলেশন প্রস্তুত করে আবেদনের সাথে প্রেরণ করা হয়েছে।

২) ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ হাসানুর রহমান এর এরূপ কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ১১, ৩৬, ৩৮ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ হাসানুর রহমান এর পদ কেন বাতিল করা হবে না মর্মে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে জনাব মোঃ হাসানুর রহমান জবাব দাখিল করেন। জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা, ভিত্তিহীন ও অবৈধভাবে পুনরায় ম্যানেজিং কমিটি গঠনের পায়তারা মর্মে দাবী করেন।

৩) আবেদনের প্রেক্ষিতে অভিযোগসহ মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে সভাপতি জনাব মোঃ হাসানুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক এবং সভাপতি পরিবর্তনের আবেদনে কমিটির সদস্যবৃন্দ স্ব-ইচ্ছায় স্বাক্ষর করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-প্রশা/৬৭৪/২/৪/নথি নং-গাই-১০৪; তারিখঃ ০৫/০৭/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ হাসানুর রহমান এর পদ এতদ্বারা বাতিল করা হলো। কমিটির অন্যান্য সদস্যপদ বহাল থাকবে।


প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্লাহ
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ সুপার, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী বালিকা দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১০৪/

তারিখঃ /০৮/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৪. জনাব মোঃ হাসানুর রহমান, (বাতিলকৃত সভাপতি), ম্যানেজিং কমিটি, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী বালিকা দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী বালিকা দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪